

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি)
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২২৪.৩১.০০১.২১.১১

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০

০৭ মে ২০২৩


বিষয়: **Employee Management System (EMS)- এ কর্মকর্তাগণের ব্যক্তিগত ডাটা এন্ট্রিকরণ।**

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ে 'সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি- Government Employee Management System (GEMS)' শীর্ষক কর্মসূচি চলমান আছে। উক্ত কর্মসূচির মাধ্যমে স্মার্ট Employee Management System (EMS), Organization Management System (OMS) এবং Performance Management System (PMS) ডেভেলপমেন্ট এর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রথম পর্যায়ে প্রজাতন্ত্রের কর্মচারীগণের ব্যক্তিগত তথ্য ব্যবস্থাপনার জন্য একটি ডাইনামিক ডাটাবেইজ সিস্টেম-Employee Management System (EMS) প্রস্তুত করা হয়েছে। প্রথম ধাপে জনপ্রশাসন মন্ত্রণালয়ের Personal Information Management System (PMIS) ভুক্ত বিসিএস (প্রশাসন) ক্যাডার এবং অন্য ক্যাডার থেকে আগত উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের তথ্যসমূহ EMS-এ স্থানান্তর করা হয়েছে। এখন থেকে কর্মকর্তাগণ উক্ত সিস্টেমে নিজে তার তথ্য হালনাগাদ/সংযুক্ত করতে পারবেন এবং নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তা সিস্টেমে সংরক্ষিত হবে। উল্লেখ্য, পরবর্তীতে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের মাধ্যমে অন্যান্য ক্যাডারের জনবল এবং সকল কর্মচারীদের জন্য সিস্টেমটি পর্যায়ক্রমে সম্প্রসারিত হবে।

২। EMS এ ব্যক্তিগত তথ্য হালনাগাদকরণের জন্য প্রত্যেক কর্মকর্তাকে সিস্টেম (www.gems.gov.bd) হতে নিজস্ব মোবাইল নম্বর/NID নম্বর/ই-মেইল নম্বর দিয়ে পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে। অতঃপর সিস্টেমে রক্ষিত তথ্যসমূহ হালনাগাদকরণসহ নতুন তথ্য সংযুক্ত করতে হবে। সিস্টেমের ব্যবহার সম্পর্কে ধারণা প্রদান এবং মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তরসমূহে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডার ও অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণকে সহযোগিতা করার জন্য প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের ২ জন কর্মকর্তাকে ইতোমধ্যে ১দিনের TOT প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বর্তমানে পরিচালিত ব্যক্তিগত তথ্য ভান্ডার PMIS এর কার্যক্রম শীঘ্রই বন্ধ করা হবে এবং এর পরিবর্তে EMS এর মাধ্যমে ব্যক্তিগত তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উক্ত তথ্য ব্যবহার করে কর্মকর্তাগণের পদায়ন, পদোন্নতিসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হবে। বর্ণিত প্রেক্ষাপটে PMISভুক্ত সকল কর্মকর্তাকে Government Employee Management System (GEMS)-এ লগইন করে সিস্টেম জেনারেটেড নিজ নিজ আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে, প্রয়োজ্য তথ্য হালনাগাদ করতে হবে এবং পরবর্তীতে তথ্য হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এ সংক্রান্ত ইউজার ম্যানুয়াল বা ব্যবহার নির্দেশিকা www.gems.gov.bd বা www.mopa.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৪। এমতাবস্থায়, তাঁর দপ্তরে এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থায় কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা এবং অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণকে **Government Employee Management System (GEMS)- এ (www.gems.gov.bd)** লগইন করে নিজ নিজ আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করে প্রযোজ্য তথ্য আগামী ৩০/০৫/২০২৩ তারিখের মধ্যে হালনাগাদ করার নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পাশাপাশি, প্রয়োজনে TOT প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণের মাধ্যমে এ বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৭-৫-২০২৩

মো: আঃ রাজ্জাক সরকার

যুগ্মসচিব

ফোন: ৫৫১০০৫১২

ইমেইল: paccbr@mopa.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২২৪.৩১.০০১.২১.১১/১(১২)

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০
০৭ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সকল অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) কম্পিউটার অপারেশন সুপারভাইজার, কম্পিউটার অপারেশন সুপারভাইজার এর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



৭-৫-২০২৩

মুহাম্মদ হাফিজুর রহমান

সিনিয়র সিস্টেম এনালিস্ট